



সোনালী ব্যাংক লিমিটেড

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

**সোনালী ব্যাংক লিমিটেডে সিএসআর(CSR) এর আওতায়
শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের নাম ঠিকানা এবং তাদের করণীয় প্রসঙ্গে**

বাংলাদেশের বৃহত্তম রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড দেশের বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে বিরাজমান অসাম্য, বঞ্চনা, দারিদ্র দূরীকরণ এবং সুবিধা বঞ্চিত জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে শিক্ষার গুরুত্ব বিবেচনা করে সিএসআর এর আওতায় বাৎসরিক শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনের মধ্য হতে মনোনীত প্রার্থীদের তালিকা সোনালী ব্যাংকের ওয়েবসাইটে (www.sonalibank.com.bd) প্রকাশ করা হয়েছে। মনোনীত শিক্ষার্থীদের তালিকায় উল্লিখিত রিপোর্টিং কার্যালয়ে (Reporting Location) নিম্নেবর্ণিত কাগজপত্রাদিসহ ১৭ জানুয়ারি, ২০১৬ হতে ৩১ জানুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে রিপোর্ট করার পরামর্শ দেয়া হচ্ছে।

- এক কপি পাসপোর্ট সাইজ ছবি;
- নাগরিকত্ব সনদ;
- অভিভাবকের মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
- বর্তমানে অধ্যয়নরত শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়নরত সনদ বা আইডেনটিটি কার্ড; এবং
- শিক্ষাবৃত্তির জন্য আবেদনের সময় প্রদত্ত সকল শিক্ষা সনদের মূলকপি (মূলকপি শিক্ষাপ্রতিষ্ঠানে জমা থাকলে, তা উল্লেখপূর্বক বর্তমান শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের বা ডিপার্টমেন্ট প্রধানের সত্যায়িত ফটোকপি প্রদর্শন করতে হবে)।

মোহাম্মদ আশরাফ উল্লাহ
ডেপুটি জেনারেল ম্যানেজার
মানব সম্পদ উন্নয়ন বিভাগ